- জ্বালানি হিসেবে রকেটে সাধারণত তরল হাইড্রোজেন এবং দহনের জন্য তরল অক্সিজেন থাকে।
- রকেটের ত্বরণ বৃদ্ধি পায় - i. গ্যাসের নির্গমনের বেগ (V_r) বেশি হলে, ii. গ্যাসে নির্গমনের হার $\left(\frac{dm}{dt}\right)$ বেশি হলে, iii. রকেটের ভর (m) কম হলে, iv. ভূ-পৃষ্ঠ হতে যত উপরে ওঠে।
- রৈখিক ভরবেগের সংরক্ষণ সূত্রের কয়েকটি প্রয়োগ- i. একই সরলরেখায় গতিশীল দুটি বস্তুর মধ্যে সংঘর্ষ, ii. কামান থেকে গুলি ছোড়া iii. রকেট
- নিউটনের গতিসূত্রের সীমাবদ্ধতা: নিউটনের গতিসূত্র আলোর বেগের কাছাকাছি বেগ সম্পন্ন কণার ক্ষেত্রে প্রয়োগ করা যায় না। পরমাণুর অভ্যন্তরে ইলেকট্রনের গতি অথবা দুটি প্রোটনের মধ্যে ধাক্কা ইত্যাদি ক্ষেত্রে এই সূত্র প্রযোজ্য নয় কারণ উভয়ক্ষেত্রেই কণার বেগ প্রায় আলোর বেগের সমান।

ঘর্ষণ ও সংঘর্ষ

- দুটি বস্তু পরস্পরের সংস্পর্শে থেকে যদি একের উপর দিয়ে অপরটি চলতে চেষ্টা করে তাহলে বস্তুদ্বয়ের স্পর্শ তলে এই গতির বিরুদ্ধে একটি বাধার উৎপত্তি হয়, এই বাধাকে ঘর্ষণ বলে।
- গতীয় ঘর্ষণগুণাঙ্ক সীমাস্থ ঘর্ষণ গুণাঙ্ক অপেক্ষা কম এবং গতীয় ঘর্ষণ গুণাঙ্ক বেশি হলে ত্বরণ কম হবে। ঘর্ষণ গুণাঙ্কের একক নেই।
- প্রাত্যহিক জীবনে দুটি বল সবসময়ই অনুভব করে থাকি একটি অভিকর্ষ অপরটি ঘর্ষণ বল।
- ঘূর্ণনরত কোন বস্তুকণার ব্যাসার্ধ ভেক্টর ও রৈখিক ভরবেগের ভেক্টর গুণফলকে কৌণিক ভরবেগ বলে।
- সংঘর্ষ: দুটি বস্তু যদি একটা খুব বড় মানের বলে খুব অল্প সময়ের জন্যে পরস্পরকে আঘাত করে তাহলে তাকে বলা হয় সংঘর্ষ। সংঘর্ষ 2 প্রকার:
1. স্থিতিস্থাপক সংঘর্ষ: দুটি বস্তুর মধ্যে সংঘর্ষ হলে যদি মোট গতি শক্তি সংরক্ষিত থাকে তাহলে তাকে স্থিতিস্থাপক সংঘর্ষ বলে। যেমন: পরমাণু, ইলেকট্রন ইত্যাদির মধ্যে সংঘর্ষ।
2. অস্থিতিস্থাপক সংঘর্ষ: দুটি বস্তুর মধ্যে ধাক্কা লাগলে বা সংঘর্ষ হলে যদি বস্তুগুলোর মোট গতিশক্তি সংরক্ষিত না হয় তাহলে তাকে অস্থিতিস্থাপক সংঘর্ষ বলে। যেমন: বন্দুকের গুলি যখন লক্ষ্যবস্তুতে যুক্ত হয়।

কৌণিক গতিবিদ্যা

- কোন অক্ষের সাপেক্ষে ঘূর্ণনরত কোন দৃঢ় বস্তুর প্রতিটি কণার ভর এবং অক্ষ হতে তাদের প্রত্যেকের লম্ব দূরত্বের বর্গের গুণফলের সমষ্টিতে জড়তার ভ্রামক বলে। $I = mr^2$
- বস্তুর উপর ক্রিয়ারত বহিঃস্থ টর্কের লব্ধি শূন্য হলে, ঘূর্ণায়মান বস্তুর কৌণিক ভরবেগের পরিবর্তন হবে না।
- বলের ভ্রামক = বল \times দূরত্ব, মাত্রা $[ML^2T^{-2}]$, MKS ও SI একক পদ্ধতিতে একক নিউটন মিটার (N-m)

- বলের মোমেন্ট বা ড্রামক বা টর্ক সাধারণত τ দ্বারা প্রকাশ করা হয়।
- কেন্দ্রমুখী বলের মান প্রযুক্ত বলের মানের সমান এবং বিপরীতমুখী।
- কেন্দ্রমুখী বলকে প্রশমিত করার জন্যই সাইকেল আরোহী তার শরীরকে বক্র পথের কেন্দ্রের দিকে হেলিয়া রাখে।
- Road Banking গাড়ীর দ্রুতি ও বাকের ব্যাসার্ধের উপর নির্ভর করে গাড়ীর ভরের উপর নয়।
- জড়তার মোমেন্ট হ্রাস করার জন্যই দৌড়ে চলার সময় হাত গুটিয়ে রাখা হয়।
- দ্বন্দ্বের দুটি বলের মধ্যবর্তী লম্ব দূরত্বকে বাহু বলে।
- দ্বন্দ্বের ড্রামক ঘূর্ণন অক্ষের অবস্থানের উপর নির্ভরশীল নয়।
- মোচড় বা টর্ক বা ব্যবর্তন বল = জড়তার ড্রামক \times কৌণিক ত্বরণ ($I \times \alpha$)
- টর্ককে τ দ্বারা সূচিত করা হয়।
- দৌড়ানোর সময় হাত গুটিয়ে রাখা হয় জড়তার ড্রামক হ্রাস করতে।
- একই জায়গায় চক্রাকারে ঘোরার সময় হাত প্রসারিত করা হয় জড়তার ড্রামক বাড়ানোর জন্য।
- সমঘূর্ণন গতিতে চললে গতির কোন পরিবর্তন হয় না, সব সময় দ্রুতি সমান থাকে।
- ব্যাংকিং করা হয় কেন্দ্রমুখী বল বাড়ানোর জন্য। ব্যাংকিং না করলে কেন্দ্রবিমুখী বলের প্রভাবে গাড়ি উল্টে যাবে।

2. গাণিতিক সমস্যা সমাধানে প্রয়োজনীয় সূত্রাবলি

□ বল সম্পর্কিত:

- বল, $\vec{F} = m\vec{a} = m(\vec{v} - \vec{u})/t = d\vec{p}/dt$ যেহেতু, এগুলো ভেক্টর রাশি।
- বলের ঘাত, $\vec{J} = \vec{F} \times t = m\vec{v} - m\vec{u} = \Delta\vec{p} =$ ভরবেগের পরিবর্তন

□ লিফট সম্পর্কিত:

- লিফট a ত্বরণে উপরে উঠলে:
 - ওজন $T = m(g + a)$
 - লিফটের মধ্যে h উচ্চতা থেকে কোন বস্তুকে ছেড়ে দিলে তলদেশ

$$\text{স্পর্শ করার সময়, } t = \sqrt{\frac{2h}{g+a}}$$

- a ত্বরণে নিচে নামলে:

- ওজন $T = m(g - a)$
- h উচ্চতা হতে কোন বস্তুকে ছেড়ে দিলে তলদেশ স্পর্শ করার সময়,

$$t = \sqrt{\frac{2h}{g-a}}$$

- লিফট g ত্বরণে উপরে উঠলে:


ওজন $T = m(g + g) = 2mg = 2 \times$ ওজন অর্থাৎ ওজন দ্বিগুণ হয়

- লিফট g ত্বরণে নিচে নামলে:

ওজন $T = m(g - g) = 0$ অর্থাৎ ওজনহীন মনে হয়।

□ ঘর্ষণ গুণাংক সম্পর্কিত:

- স্থিতি ঘর্ষণ গুণাংক, $\mu_s = F_s/R$
- স্থিতি ঘর্ষণ কোণ, $\theta_r =$ নিশ্চল কোণ, α
- গতীয় ঘর্ষণ গুণাংক, $\mu_k = F_k/R$
- গতীয় ঘর্ষণ কোণ, $\theta_k = \tan^{-1} \mu_k$



□ ভরবেগ সংক্রান্ত:

- ভরবেগের সংরক্ষণ সূত্র: $m_1u_1 + m_2u_2 = m_1v_1 + m_2v_2$
- রকেটের উপর প্রযুক্ত বল/ধাক্কা, $F = (\Delta m/\Delta t)v$
- রকেটের ত্বরণ, $a = \frac{v}{M} \left(\frac{\Delta m}{\Delta t} \right) - g$
- রকেটের উপর ক্রিয়াশীল লব্ধি বল, $F = (\Delta m/\Delta t)v - Mg$
- সংক্ষেপে বন্দুকের/রাইফেলের পশ্চাৎ বেগ বের করার জন্য $mv = -MV$ এখানে $V =$ বন্দুকের পশ্চাৎ বেগ ও $M =$ বন্দুকের ভর এবং $m =$ গুলির ভর, $v =$ গুলির বেগ।

□ টর্ক সংক্রান্ত:

- $\tau = I \frac{d\omega}{dt}$
- $\vec{\tau} = \vec{r} \times \vec{F}$
- টর্ক, $\tau = I\alpha$

□ ড্রামক সংক্রান্ত:

- জড়তার ড্রামক: $I = Mk^2 = \sum m_i r_i^2$ [$k =$ চক্রগতির ব্যাসার্ধ]
- বৃত্তাকার/বেলনাকার বস্তুর ক্ষেত্রে: $I = \frac{1}{2} mr^2$
- নিরেট গোলকের ক্ষেত্রে, $I = \frac{2}{5} mr^2$
- ফাঁপা গোলকের ক্ষেত্রে, $I = \frac{2}{3} mr^2$
- পাতলা চাকতির ভর M ও ব্যাসার্ধ r , এ ক্ষেত্রে ঐ চাকতির ত্বরণ α দিকে এবং কেন্দ্রগামী একটি অক্ষের সাপেক্ষে চাকতিটির জড়তার ড্রামক $I = \frac{Mr^2}{2}$
- সমান্তরাল অক্ষ উপপাদ্য, $I = I_a + Md^2$
- অভিলম্ব অক্ষ উপপাদ্য, $I_z = I_x + I_y$

□ কৌণিক গতিবিদ্যা সংক্রান্ত:

- $\theta = \theta_0 + \omega t$
- $\omega_f = \omega_0 + \alpha t$
- $\theta = \theta_0 + \left(\frac{\omega_0 + \omega_f}{2} \right) t$
- $\theta = \theta_0 + \omega_0 t + \frac{1}{2} \alpha t^2$
- $\omega_f^2 = \omega_0^2 + 2\alpha(\theta - \theta_0)$
- কৌণিক ভরবেগ, $L = rp = rmv = mr^2 \omega = I\omega$
- কৌণিক ভরবেগের সংরক্ষণ সূত্র: $I_1\omega_1 = I_2\omega_2 = L$
- কেন্দ্রমুখী বল, $F = \frac{mv^2}{r} = m\omega^2 r$
- কেন্দ্রমুখী ত্বরণ, $\alpha = \frac{v^2}{r} = \omega^2 r = \alpha r$
- তাৎক্ষণিক কৌণিক বেগ, $\omega = \frac{d\theta}{dt}$

□ কৌণিক গতিশক্তি সংক্রান্ত:

- ঘূর্ণন/কৌণিক গতিশক্তি, $K = \frac{1}{2} I\omega^2$

□ রাস্তার ব্যাংকিং কোণ সংক্রান্ত:

- রাস্তার বাঁকে সাইকেল চালানোর সময় আরোহীর নতি কোণ, (লম্ব তলের)

$$\tan \theta = \frac{v^2}{rg}$$

- মোট শক্তি $E = \frac{1}{2} mv^2 + \frac{1}{2} I\omega^2$

- রাস্তা যেখানে মোড় নেয় সেখানে রাস্তার অবনতি কোণ, (আনুভূমিক তলের)

$$\tan \theta = \frac{v^2}{rg} \text{ ও } \sin \theta = \frac{h}{x}$$

- θ খুব ক্ষুদ্র হলে, $\tan \theta = \frac{v^2}{rg} = \frac{h}{x}$

স্থিতিস্থাপক সংঘর্ষের ক্ষেত্রে : m_1 ভরের বস্তু u_1 বেগে গতিশীল থেকে m_2 ভরের u_2 বেগে গতিশীল বস্তুর সাথে সংঘর্ষ হলে সংঘর্ষের পরে তাদের বেগ যথাক্রমে v_1 ও v_2 হলে

$$v_1 = \frac{m_1 - m_2}{m_1 + m_2} u_1 + \frac{2m_2}{m_1 + m_2} u_2$$

$$v_2 = \frac{2m_1}{m_1 + m_2} u_1 + \frac{m_2 - m_1}{m_1 + m_2} u_2$$

শর্তসমূহ:

- বস্তুদ্বয়ের ভর সমান হলে এরা বেগ বিনিময় করে, অর্থাৎ $v_1 = u_2$ এবং $v_2 = u_1$,
- যদি $m_1 \gg m_2$ তবে, $v_1 \approx u_1$ ও $v_2 \approx 2u_1$
- $u_1 = u_2$ হলে সংঘর্ষ হবে না।

3. এই অধ্যায়ের বিভিন্ন গাণিতিক সমস্যাসমূহকে নিম্নোক্ত Type-এ শ্রেণিভুক্ত করা যায়

i. বল সংক্রান্ত গাণিতিক সমস্যাবলির Solve:

Type-01

Prob. 01: 30kg ভরের একটি বস্তুর উপর কত বল প্রয়োগ করলে 1মিনিটে এর বেগ 36kmh^{-1} বৃদ্ধি পাবে? [Ref: শাহজাহান তপন]

Solve: $F = ma$

$$\Rightarrow F = m \frac{\Delta v}{t} \Rightarrow F = 30 \times \frac{36 \times 1000}{3600 \times 60} \Rightarrow F = 5\text{N. (Ans.)}$$

For Practice:

- একটি 588 N ওজনের বস্তুকে 0.70ms^{-2} ত্বরণ দিতে এর উপর কত বল প্রয়োগ করতে হবে? [Ref: শাহজাহান তপন] Ans. 42 N
- $9.1 \times 10^{-31} \text{kg}$ ভরের একটি স্থির ইলেকট্রনের ওপর $1.6 \times 10^{-16} \text{N}$ বল 10^{-9}s ধরে কাজ করে। এই সময় শেষে ইলেকট্রনের বেগ কত হবে নির্ণয় কর। [Ref: শাহজাহান তপন] Ans. $1.76 \times 10^5 \text{ms}^{-1}$
- 108kmh^{-1} বেগে চলমান একটি গাড়ির চালক 45.5 m দূরে একটি বালককে দেখতে পেলেন। সাথে সাথে ব্রেক চেপে দেয়ায় বালকটির 50cm সামনে এসে গাড়িটি থেমে গেল। গাড়িটি থামতে কত সময় লাগলো এবং এর ওপর কত বল প্রযুক্ত হলো নির্ণয় কর। আরোহীসহ গাড়ির ভর 1000 kg। [Ref: শাহজাহান তপন] Ans. 3s; 10^4N
- গাছ থেকে 2kg ভরের একটি নারকেল সোজা নিচের দিকে পড়েছে। বাতাসের বাধা যদি 8.6N হয়, তাহলে নারকেলটির ত্বরণ কত? [শাহজাহান তপন] Ans. 5.5ms^{-2}
Hint: $a = \frac{mg - F}{m}$

Type-02

Prob. 01: 0.05 kg ভরের একটি বস্তু 0.2ms^{-1} আনুভূমিক বেগে একটি খাড়া দেয়ালে ধাক্কা দিয়ে 0.1ms^{-1} বেগে বিপরীত দিকে ফিরে গেল। বলের ঘাত কত?

Solve: $J = m(v - v_0) = 0.05(-0.1 - 0.2) = -0.015 \text{kgms}^{-1}$ (Ans.)

For Practice:

- 1350 kg ভরের একটি গাড়ি 80kmh^{-1} বেগে চলন্ত অবস্থায় একটি দেয়ালকে আঘাত করে। আঘাতের পর $5 \times 10^{-3} \text{s}$ এ স্থির হয়। (ক) বলের ঘাত (খ) সংঘর্ষে দেয়ালটি গাড়ির উপর যে গড় বল প্রয়োগ করে তা নির্ণয় কর। [Ref: শাহজাহান তপন] Ans. $-3 \times 10^4 \text{kgms}^{-1}$; $-6 \times 10^6 \text{N}$
- 16 N এর একটি বল 4 kg ভরের উপর 4s ক্রিয়া করে। বস্তুটির (ক) বেগের পরিবর্তন ও (খ) বলের ঘাত নির্ণয় কর। [Ref: আমির হোসেন] Ans. 16ms^{-1} ; 64 Ns

Type-03

Prob. 01: 15N ও 10N মানের এবং একই দিকে কার্যরত দুটি সমান্তরাল বল 5m লম্বা একটি হালকা লাঠির দুই প্রান্তে কার্যরত। লক্কির ক্রিয়াবিন্দু কোথায় অবস্থিত?

Solve: ক্রিয়াবিন্দু 15N বল হতে x metre দূরে অবস্থিত হলে-

$$15x = 10(5-x) \Rightarrow 25x = 50 \Rightarrow x = 2 \therefore 15\text{N বল হতে } 2\text{m দূরে। (Ans.)}$$

For Practice:

- 30m দীর্ঘ কোন দণ্ডের দুই প্রান্তে সমান্তরাল দুটি বল কাজ করছে। যদি 1ম প্রান্ত হতে 20m দূরে লক্কি কাজ করে। বলদ্বয়ের অনুপাত কত? Ans. 1:2
- দুটি সমান্তরাল বল একটি হালকা লাঠির দুই প্রান্তে কার্যরত বলদ্বয়ের লক্কির মান 48 N। লক্কির ক্রিয়াবিন্দু লাঠিটিকে অন্তঃস্থভাবে 5:7 অনুপাতে বিভক্ত করে। বলদ্বয়ের মান কত? Ans. 28 N, 20 N

ii. লিফট সংক্রান্ত গাণিতিক সমস্যাবলির Solve:

Type-04

Prob. 01: একটি লিফট 2m/s^2 ত্বরণে নীচে নামছে। লিফটের মেঝের 1m উপর থেকে একটি বলকে স্থির অবস্থা থেকে ছেড়ে দেওয়া হল। $g = 10\text{m/s}^2$ ধরা হলে লিফটের মেঝে স্পর্শ করতে বলটির কত সময় লাগবে?

- A. 0.5 sec B. 0.6 sec C. 0.7 sec D. 1.1 sec

Solve: $t = \sqrt{\frac{2h}{g-a}} = \sqrt{\frac{2 \cdot 1}{10-2}} = 0.5 \text{sec (Ans.)}$

For Practice:

- একটি লিফট 3m/s^2 ত্বরণে উপরে উঠছে। লিফটের মেঝের 2m উপর হতে একটি বলকে স্থির অবস্থা থেকে ছেড়ে দেয়া হল। $g = 9.81\text{m/s}^2$ লিফটের মেঝে স্পর্শ করতে বলটির কত সময় লাগবে? Ans. 0.5588 sec

Hint: $t = \sqrt{\frac{2h}{g+a}}$

Type-05

Prob. 01: তিনটি সমতলীয় বলের এককালীন ক্রিয়ার একটি বস্তু সাম্যাবস্থায় আছে। এদের মধ্যে দু'টি বলের প্রত্যেকের মান 8N এবং বল দুটির মধ্যবর্তী কোণ 120° । তৃতীয় বলটি নির্ণয় কর।

Solve: $R = \sqrt{8^2 + 8^2 + 2 \cdot 8 \cdot 8 \cos 120^\circ} = 8\text{N (Ans.)}$

For Practice:

- একটি সমবাহু ত্রিভুজের দুই বাহু বরাবর একই ক্রমে দুটি 10N বল কাজ করে। তৃতীয় বাহু বরাবর কত বল কাজ করলে সাম্যাবস্থা বজায় থাকবে? Ans. 10 N

iii. ঘর্ষণ গুণাঙ্ক সংক্রান্ত গাণিতিক সমস্যাবলির Solve:

Type-06

Prob. 01: 2kg ভরের একটি ব্লককে একটি আনুভূমিক তলের উপর দিয়ে 6N বল দ্বারা টানা হচ্ছে। বস্তুটির ত্বরণ কত? (গতিয় ঘর্ষণ গুণাঙ্ক = 0.3)

Solve: $F_k = \mu_k R = (0.3 \times 19.6) \text{N} = 5.88\text{N}$

$F = P - F_k = (6 - 5.88)\text{N} = 0.12\text{N}$ এবং $F = ma$

$\Rightarrow a = \frac{F}{m} = \frac{0.12}{2} \Rightarrow a = 0.06\text{ms}^{-2}$ (Ans.)

For Practice:

- 1000 kg ভরের একটি গাড়ি 2 ms^{-2} ত্বরণে চলছে। গাড়ি এবং রাস্তার মধ্যে ঘর্ষণ বল 1000 N হলে গাড়ির ইঞ্জিন দ্বারা প্রযুক্ত বল কত হবে?
[Ref: আলী আসগর] **Ans. 3000 N**
- 1200 kg ভরের কোন গাড়ি দুর্ঘটনার স্থান থেকে 30 মিটার দূরে থেমে গেল। রাস্তার গভীর ঘর্ষণ গুণাঙ্ক 0.8 হলে, দুর্ঘটনার স্থানে গাড়ির বেগ কত ছিল? গাড়ি কর্তৃক প্রযুক্ত আনুভূমিক বলের মান 15000 N। **Ans. 16.72 m/s**
- 70 kg ভরের একটি বাস্ককে 500 N আনুভূমিক বলে মেঝের উপর দিয়ে টানা হচ্ছে। বাস্কটি যখন চলে তখন বাস্ক ও মেঝের মধ্যবর্তী ঘর্ষণ সহগ 0.50। বাস্কের ত্বরণ নির্ণয় কর। **Ans. 2.24 ms⁻²**

Type-07

Prob. 01: একটি টেবিলের উপর 1kg ভরের একটি বই আছে। টেবিলের তল বরাবর 3N বল প্রয়োগ করলে বইটি চলার উপক্রম হয়। টেবিল ও বইয়ের মধ্যে স্থিতি ঘর্ষণ গুণাঙ্ক নির্ণয় কর।

Solve: $\mu_s = \frac{F_s}{R} \Rightarrow \mu_s = \frac{3}{9.8} \Rightarrow \mu_s = 0.31$ (Ans.)

For Practice:

- যদি স্থিতি ঘর্ষণ গুণাঙ্ক 0.4 হয় তবে 2kg ভরের কোন বস্তুকে কত বল প্রয়োগ করলে চলার উপক্রম হয়? **Ans. 7.84N**

Type-08

Prob. 01: 20kg ভরের কোন বস্তুকে একজন লোক আনুভূমিকের সাথে 45° কোণে 80N বলে টানছে। মেঝের সাথে চল ঘর্ষণ গুণাঙ্ক 0.3 হলে বস্তুর ত্বরণ কত?

Solve: তলের প্রতিক্রিয়া, $R = mg - 80\sin 45^\circ$
 $= 20 \times 9.8 - \frac{80}{\sqrt{2}} = 139.43 \text{ N}$

$\mu_k = \frac{F_k}{R} \Rightarrow F_k = \mu_k \times R = 0.3 \times 139.43 \Rightarrow F_k = 41.829 \text{ N}$

$F = 80\cos 45^\circ - F_k = 14.739$

$F\cos\theta = \mu(mg - fsin\theta) + ma \therefore a = 14.739/20 = 0.736 \text{ m/s}^2$ (Ans.)

Prob. 02: মেঝের সাথে 37° কোণ করে 30 কি.গ্রা. ওজনের একখন্ড ব্লককে 200N বল দ্বারা টানা হচ্ছে। যদি মেঝে ও ব্লকের মধ্যে গভীর ঘর্ষণ গুণাঙ্ক 0.3 হয় তবে ব্লকের ত্বরণ কত?

Solve: $R = mg - 200\sin 37^\circ = 30 \times 9.8 - 200 \times \sin 37^\circ$
 $\Rightarrow R = 174 \text{ N}$

$F_k = \mu_k R = 0.3 \times 174 = 52.2 \text{ N}$

লব্ধি বল $ma = 200\cos 37^\circ - 52.2 = 107.53 \text{ N}$

$F\cos\theta = \mu(mg - fsin\theta) + ma$

\therefore ত্বরণ $a = \frac{107.53}{30} \text{ m/s}^2 \Rightarrow a = 3.58 \text{ m/s}^2$ (Ans.)


For Practice:

- 10kg ভরের বস্তুকে একটি মেঝের উপর দিয়ে আনুভূমিকের সাথে 30° কোণে একটি বালির সাহায্যে সমবেগে টেনে নেওয়া হচ্ছে। মেঝে কর্তৃক প্রযুক্ত ঘর্ষণ বল 8N হলে রশির টান ও মেঝের প্রতিক্রিয়া বল কত?
Hint: $T = \frac{8}{\cos 30^\circ}$; $R = mg - T \sin 30^\circ$ **Ans. 9.24 N, 93.38 N**
- 2 kg ভরের একটি ব্লককে একটি আনুভূমিক তলের উপর দিয়ে 6 N বল দ্বারা টানা হলে বস্তুর ত্বরণ কত? $\mu = 0.3$ **Ans. 0.06 ms⁻²**
- 20 kg ভরের একটি বস্তুকে একটি আনুভূমিক তলের উপর দিয়ে কত বলে টানলে বস্তুটি সমবেগে চলবে? ($\mu_k = 0.2$) **Ans. 39.2 N**

Hint: $F = \mu_k mg$

04. ভূমির সাথে 45° কোণে আনত তলের উপর 0.04kg ওজনের একটি কাঠের খন্ড রাখা আছে। কাঠ ও তলের মধ্যে ঘর্ষণ গুণাঙ্ক 0.3 হলে ব্লকের লব্ধি বল নির্ণয় কর। **Ans. 0.4367**

Hint:



$F - F_s = mg \sin 45^\circ - \mu_s mg \cos 45^\circ$

iv. ভরবেগ সংক্রান্ত গাণিতিক সমস্যাবলির Solve:

Type-09

Prob. 01: মহাকাশে অবস্থিত একটি শাটল মহাকাশ যানের ভর 3×10^4 kg এবং জ্বালানীর ভর 50kg। জ্বালানী 5kg/s হারে ব্যবহৃত হলে এর 150 m/s সুষম দ্রুতিতে নির্গত হলে শাটল যানের উপর ধাক্কা নির্ণয় কর। [Ref: শাহজাহান তপন]

Solve: আমরা জানি, $F = \left(\frac{\Delta m}{\Delta t}\right)v$
 $= 5 \text{ kg/s} \times 150 \text{ m/s} = 750 \text{ kgm/s}^2 = 750 \text{ N}$ (Ans.)

For Practice:

- একটি রকেট প্রতি সেকেন্ডে 0.07 kg জ্বালানী খরচ করে। রকেট থেকে নির্গত গ্যাসের বেগ 100 kms^{-1} হলে রকেটের উপর কত বল ক্রিয়া করে? [Ref: আমির হোসেন] **Ans. $7 \times 10^3 \text{ N}$**
- একটি রকেট উর্ধ্বমুখী যাত্রার প্রথম 2 সেকেন্ডে এর ভরের $\frac{1}{50}$ অংশ হারায়ে রকেট হতে নিষ্কাশিত গ্যাসের গতিবেগ 2500 ms^{-1} হলে রকেটের ত্বরণ বের কর। [Ref: আমির হোসেন] **Ans. 15.2 ms⁻²**
- 250kg ভরের মহাকাশ যান 5kg/s হারে জ্বালানী ব্যবহার করে 150 m/s সুষম দ্রুতিতে চলে। মহাকাশ যানের ত্বরণ কত? **Ans. 0 ms⁻²**
 ব্যাখ্যা : সুষম দ্রুতিতে চললে ত্বরণ থাকে না।

Type-10

Prob. 01: 200kg ভরের একখানি স্থিরভাবে ভাসমান ভেলার দুই বিপরীত প্রান্তে দুজন সাঁতারু দাঁড়িয়ে আছেন যাদের ভর যথাক্রমে 40kg ও 70kg যদি তাদের প্রত্যেকে এক সাথে 4 m/s বেগে আনুভূমিক বেগে ভেলা থেকে ঝাপ দেয় তাহলে ভেলাটি কোন দিকে কত বেগে গতিশীল হবে?

Solve: $m_1 u_1 + m_2 u_2 + m_3 u_3 = m_1 v_1 + m_2 v_2 + m_3 v_3$
 $\Rightarrow 0 + 0 + 0 = 40 \times 4 + 70 \times (-4) + 200 \times v_3$
 $\Rightarrow v_3 = \frac{70 \times 4 - 40 \times 4}{200} = \frac{120}{200} = 0.6 \text{ m/s}$

বেগ ধনাত্মক অর্থ হল, ভেলাটি 1m ব্যক্তির দিকে গতিশীল হবে। (Ans.)

For Practice:

- 12kg এবং 15 kg ভরের দুটি বস্তু পরস্পর বিপরীত দিকে যথাক্রমে 5 m/s এবং 3 m/s^{-1} বেগে যাওয়ার পথে একে অপরকে ধাক্কা দিল। ধাক্কার পর দুটি একত্রে যুক্ত থেকে কত বেগে চলবে? [Ref: শাহজাহান তপন]
Hint: $m_1 u_1 + m_2 u_2 = v(m_1 + m_2)$ **Ans. 0.556 ms⁻²**

02. 300 kg ভরের কোন নৌকার দুই গলুই থেকে 20kg ও 25kg ভরের দুইটি বালক যথাক্রমে 3.25 ms^{-1} ও 2 ms^{-1} বেগে দুইদিকে লাফ দেয়। নৌকাটি কোন দিকে কত বেগে চলবে? [Ref: গিয়াস উদ্দিন]

Ans. 0.05 ms^{-1} , 25kg ভরের বালকের দিকে।

03. 5 মেট্রিক টন ভরের বালু বোঝাই একটি ট্রাক 20 m/s বেগে চলছিল। চলন্ত অবস্থায় প্রতি মিনিটে ট্রাকের ছিদ্র দিয়ে 20 kg বালু নিচে পরে যায়। 5 min পরে ট্রাকের বেগ কত?

Ans. 20.41 m/s

04. গাছের ডালে বসা 1.975 kg ভরের একটি পাখির গায়ে 0.025 kg ভরের একটি বুলেট 400 ms^{-1} অনুভূমিক বেগে আঘাত করে পাখিটির ভিতরেই রয়ে গেল। পাখির অনুভূমিক বেগ নির্ণয় কর। ডালটি মাটি হতে 313.6 m উপরে হলে পাখিটি কত দূর সামনে গিয়ে মাটিতে পড়বে? [Ref: গিয়াস উদ্দিন]

Ans. 5 ms^{-1} ; 40 m

v. কৌণিক বেগ সংক্রান্ত গাণিতিক সমস্যাবলি'র Solve:

Type- 11

Prob. 01: গ্রামাফোনের রেকর্ড প্রতি মিনিটে 78 বার ঘুরলে এবং সুইচ বন্ধ করার 30 সেকেন্ড পরে থেমে গেলে রেকর্ডটি কৌণিক ত্বরণ ও থামার আগে রেকর্ডটি কতবার ঘুরবে?

Solve: $\omega_0 = 78 \text{ rev/min} = \frac{78 \times 2\pi}{60} \text{ rad/s} = 8.168 \text{ rad/s}$

$t = 30 \text{ sec}$

$\omega_f = \omega_0 + \alpha t$

$\Rightarrow \alpha = \frac{\omega_0}{t} = \frac{8.168 \text{ rad/s}}{30 \text{ sec}} = -0.272 \text{ rad/s}^2$

$\theta = \left(\frac{\omega_0 + \omega_f}{2} \right) t = \left(\frac{8.168 + 0}{2} \right) \times 30 = 122.52 \text{ rad}$

$\therefore \text{no of rev, } n = \frac{122.52}{2\pi} = 19.5$ অর্থাৎ 19 বার ঘুরবে। (Ans.)

For Practice:

01. কোন গ্রামাফোনের রেকর্ডের কম্পাঙ্ক 2 Hz । রেকর্ডটি বন্ধ করে দিলে 1 মিনিটে থেমে যায়। কৌণিক মন্দন ও থেমে যাওয়ার পূর্বে রেকর্ডটি কতবার ঘুরবে নির্ণয় কর।

Ans. 0.209 rad s^{-2} ; 60 বার।

02. কোন এক আদি সময় $t = 0$ সেকেন্ডে সুস্থম বৃত্তীয় পথে গতিশীল একটি বস্তুর কৌণিক বেগ 5.0 rad s^{-1} এবং বস্তুর কৌণিক ত্বরণ ধ্রুব ও তার মান 2.0 rad s^{-2} (i) 4s পরে বস্তুর মোট আবর্তন সংখ্যা কত হবে? (ii) একই সময়ে বস্তুর কৌণিক বেগ কত?

Ans. (i) 5.73 rev ; (ii) 13 rad s^{-1}

vi. ভ্রামক সংক্রান্ত গাণিতিক সমস্যাবলি'র Solve:

Type- 12

Prob. 01: একটি ঘূর্ণায়মান বস্তুর ভর 2 kg । ঘূর্ণন অক্ষ থেকে এর দূরত্ব 1 m । বস্তুর জড়তার ভ্রামক নির্ণয় কর। বস্তুটি 5 rads^{-1} কৌণিক বেগে ঘুরলে এর ঘূর্ণন গতিশক্তি কত? [Ref: শাহজাহান তপন]

Solve: $I = mr^2 \Rightarrow I = 2 \times (1)^2 \Rightarrow I = 2 \text{ kgm}^2$

আবার, $E = \frac{1}{2} I \omega^2 = \frac{1}{2} \times 2 \times (5)^2 = 25 \text{ J}$ (Ans.)

Prob. 02: কোন চাকতির অক্ষ সাপেক্ষে জড়তার ভ্রামক 2 kg.m^2 । চাকতিটিকে 5 sec ঘুরিয়ে $10\pi \text{ rad/s}$ কৌণিক বেগ দিতে হলে কত পরিমাণ টর্ক প্রয়োগ করতে হবে?

Solve: $\tau = I\alpha = 2 \times \frac{10\pi}{5} = 12.56 \text{ J}$

For Practice:

01. একটি চাকার ভর 4 kg এবং চক্রগতির ব্যাসার্ধ 25 cm । এর জড়তার ভ্রামক কত? চাকাটিতে 2 rad/s^2 কৌণিক ত্বরণ সৃষ্টি করতে কত মানের টর্ক প্রয়োগ করতে হবে? [Ref: শাহজাহান তপন]

Ans. 0.25 kgm^2 ; 0.5 Nm

02. কোন বস্তুর ঘূর্ণন গতিশক্তি 16 J এবং কৌণিক বেগ 5 rad/s জড়তার ভ্রামক নির্ণয় কর।

Ans. 1.28 kgm^2

Type- 13

Prob. 01: কোন অক্ষ সাপেক্ষে জড়তার ভ্রামক 200 kgm^2 । উক্ত অক্ষ সাপেক্ষে চক্রগতির ব্যাসার্ধ কত? বস্তুর ওজন 19.6 kg ।

Solve: $K = \sqrt{\frac{I}{M}} = \sqrt{\frac{200}{19.6}} = 3.19$ (Ans.)

For Practice:

01. একটি ঘূর্ণায়মান পিতলের গোলকের ভর 0.02 kg । ঘূর্ণন-অক্ষ হতে এর ভরকেন্দ্রের দূরত্ব 1 m । অক্ষ সাপেক্ষে জড়তার ভ্রামক নির্ণয় কর।

Ans. 0.02 kg-m^2

02. একটি চাকার ভর 10 kg এবং জড়তার ভ্রামক 2.5 kgm^2 হলে চক্রটির ব্যাসার্ধ কত? [গিয়াস উদ্দিন]

Ans. 0.5 m

Type- 14

Prob. 01: 500 g ভরের একটি বস্তু 2 m ব্যাসার্ধের বৃত্তাকার পথে আবর্তন করছে। আবর্তনকাল 10 s হলে বস্তুর কৌণিক ভরবেগ কত?

Solve: $L = I \times \omega \Rightarrow L = mr^2 \times \frac{2\pi}{T} \Rightarrow L = \frac{2\pi mr^2}{T}$

$\Rightarrow L = \frac{2 \times 3.1416 \times 0.5 \times (2)^2}{10} \Rightarrow L = 1.25 \text{ kgm}^2 \text{ s}^{-1}$ (Ans.)

For Practice:

01. একটি ধাতব গোলকের ভর 6 gm । এটিকে 3 m দীর্ঘ একটি সূতার এক প্রান্তে বেঁধে প্রতি সেকেন্ডে 4 বার ঘুরানো হচ্ছে। এর কৌণিক ভরবেগ কত?

[Ref: আমির হোসেন]

Ans. $1.356 \text{ kgm}^2 \text{ s}^{-1}$

02. 40 kg ভরের একটি বালক নাগরদোলায় চড়ে 20 m ব্যাসের বৃত্তাকার পথে 6 rpm কৌণিক বেগে ঘুরছে। বালকটির কৌণিক ভরবেগ নির্ণয় কর।

[Ref: আমির হোসেন]

Ans. $2.512 \times 10^3 \text{ kgm}^2 \text{ s}^{-1}$

vii. কেন্দ্রমুখী বল সংক্রান্ত গাণিতিক সমস্যাবলি'র Solve:

Type- 15

Prob. 01: একটি বালতিতে পানি নিয়ে 1 m দীর্ঘ সূতার সাহায্যে ঘুরানো হচ্ছে। বালতির রৈখিক বেগ কমপক্ষে কত হলে পানি নিচে পড়বে না?

Solve: $v = \sqrt{rg} = \sqrt{1 \times 9.8} = 3.13 \text{ m/s}$ (Ans.)

For Practice:

01. 4 m দীর্ঘ সূতার সাহায্যে বাধা বালতি কত বেগে ঘুরালে বালতির পানি নিচে পড়বে না?

Ans. 6.26 m/s

02. একটি পানি ভর্তি বালতিকে 2.48 m লম্বা দড়ি দ্বারা বেঁধে উলম্ব তলে বৃত্তাকারে ঘোরানো হচ্ছে। প্রতি মিনিটে কতবার ঘোরালে বালতি থেকে কোন পানি পড়বে না?

Hint: $v = \sqrt{rg}$; $v = \frac{2\pi Nr}{t}$

Ans. 19

Type- 16

Prob. 01: 0.15 kg ভরের একটি পাথর খতকে 0.75 m লম্বা একটি সূতার একপ্রান্তে বেঁধে বৃত্তাকার পথে প্রতি মিনিটে 90 বার ঘুরালে সূতার উপর টান কত?

Solve: $F = m\omega^2 r \Rightarrow F = m \left(\frac{2\pi n}{T} \right)^2 r \Rightarrow F = m \left(\frac{2\pi \times 90}{60} \right)^2 r$

$\Rightarrow F = 0.15 \times (3\pi)^2 \times 0.75 \Rightarrow F = 9.98 \text{ N}$ (Ans.)

For Practice:

01. 10 gm ভরবিশিষ্ট একটি বস্তুকে 2m দীর্ঘ সূতার সাহায্যে বৃত্তাকার পথে ঘুরানো হচ্ছে। বস্তুটি 3s-এ 15টি পূর্ণ আবর্তন করলে সূতার টান নির্ণয় কর।
[Ref: শাহজাহান তপন] **Ans.** 19.74 N
02. বোরের হাইড্রোজেন পরমাণুর মডেলে একটি ইলেকট্রন একটি প্রোটনের চারদিকে 5.2×10^{-11} m ব্যাসার্ধের একটি বৃত্তাকার পথে 2.18×10^6 ms⁻¹ বেগে প্রদক্ষিণ করে। কেন্দ্রমুখী বলের মান কত? [Ref: শাহজাহান তপন]
Ans. 8.32×10^{-8} N
03. 0.05 kg ভরের একটি বস্তুকে 1m দীর্ঘ একটি সূতার সাহায্যে ঘুরানো হয়। যেন সূতার টান 31.6 N হয়। পর্যায়কাল কত? **Ans.** $\frac{1}{4}$ sec

viii. ব্যাখ্যিক সংক্রান্ত গাণিতিক সমস্যাবলীর Solve:

Type- 17

Prob. 01: একজন সাইকেল আরোহী ঘন্টায় 24 km বেগে 30 m ব্যাসার্ধের একটি বৃত্তাকার পথে মোড় নিচ্ছে। তাকে উল্লম্বের সাথে কত কোণে হেলে থাকতে হবে?

Solve: $\tan \theta = \frac{v^2}{rg}$
 $\Rightarrow \tan \theta = \frac{(6.67)^2}{30 \times 9.8}$
 $\Rightarrow \theta = \tan^{-1}(0.151326)$
 $\Rightarrow \theta = 8.605^\circ$ (Ans.)

এখানে,
 $v = 24 \text{ km hr}^{-1}$
 $= 6.67 \text{ ms}^{-1}$

For Practice:

01. 100m ব্যাসার্ধের বৃত্তাকার পথে কোন মোটর সাইকেল আরোহী কত বেগে ঘুরলে উল্লম্বের সাথে 20° কোণে আনত থাকবে? [Ref: তফাজ্জল]
Ans. 18.886 m/s
02. রাস্তায় একটি গাড়ি 100 m ব্যাসার্ধের বক্রপথে সর্বোচ্চ 48 kmh⁻¹ গতিবেগে বাক নিতে পারবে। রাস্তার ব্যাখ্যিক কোণ কত হবে। **Ans.** 10.2°
03. একটি রেল লাইনের বাকের ব্যাসার্ধ 500m এবং রেল লাইনের পাতদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব 1m। ঘন্টায় 54 km বেগে চলন্ত গাড়ির ক্ষেত্রে প্রয়োজনীয় ব্যাখ্যিক এর জন্য বাইরের লাইনের পাতকে ভেতরের লাইনের পাত অপেক্ষা কতটুকু উঁচু করতে হবে? [Ref: শাহজাহান তপন] **Ans.** 4.59 cm

ix. বিবিধ গাণিতিক সমস্যাবলীর Solve:

Type- 18

Prob. 01: 20 বার ঘুরবার পর একটি বৈদ্যুতিক পাখার কৌণিকবেগ 30rad/s হতে হ্রাস পেয়ে 10rad/s হয়। কৌণিক মন্দন কত?

Solve: $\theta = 2\pi \times 20 = 40\pi$
 $\alpha = \frac{(30)^2 - (10)^2}{2 \times 40\pi} = 3.183 \text{ rad/sec}^2$. (Ans.)

For Practice:

1. স্থিরাবস্থা হতে কোন কণাকে $\pi \text{ rad/sec}^2$ সমকৌণিক ত্বরণে বৃত্তাকার পথে ঘুরালে 10sec এ কণাটি কত কৌণিক বেগ লাভ করবে এবং কণাটি একসময়ে কতবার ঘুরবে? Hint: $\omega = \alpha t$, $n = \frac{\theta}{2\pi}$ **Ans.** $10\pi \text{ rad/s}$, 25 বার

Type- 19

Prob. 01: একটি ঘূর্ণনরত কণার ব্যাসার্ধ ভেক্টর $\vec{r} = (2\hat{i} + 2\hat{j} - \hat{k}) \text{ m}$ এবং

প্রযুক্ত বল $\vec{F} = (6\hat{i} + 3\hat{j} - 3\hat{k}) \text{ N}$ হলে টর্কের মান কত?

Solve: $\vec{\tau} = \vec{r} \times \vec{F} = \begin{vmatrix} \hat{i} & \hat{j} & \hat{k} \\ 2 & 2 & -1 \\ 6 & 3 & -3 \end{vmatrix} = -3\hat{i} - 6\hat{k}$

$\therefore \tau$ এর মান = $\sqrt{(-3)^2 + (-6)^2} = \sqrt{45}$ (Ans.)

For Practice:

01. $\vec{r} = \hat{i} - 2\hat{j} + \hat{k}$, $\vec{F} = 2\hat{i} - \hat{j} - \hat{k}$, $\vec{\tau} = ?$ **Ans.** $3\hat{i} + 3\hat{j} + 3\hat{k}$
02. কোনো বস্তুর উপর $\vec{F} = 7\hat{i} + 3\hat{j} - 5\hat{k}$ বল ক্রিয়া করে, যার অবস্থান ভেক্টর $\vec{r} = \hat{i} - \hat{j} + \hat{k}$. টর্ক নির্ণয় কর। [Ref: আলী আসগর]
Ans. $2\hat{i} + 12\hat{j} + 10\hat{k}$
- Hint: $\vec{\tau} = \vec{r} \times \vec{F}$

Type- 20

Prob. 01: একটি টেনিস বল একটি দেয়ালে 8 m/s বেগে আঘাত করে আঘাতটি স্থিতিস্থাপক হলে বলটি কী বেগে ফেরত আসবে?

Solve: $v_2 = \frac{2m_1}{m_1 + m_2} u_1 + \frac{m_2 - m_1}{m_2 + m_1} u_2$
 $= \frac{2m_1}{m_1 + m_2} \times 0 + \frac{-m_1}{u_1} \times 8 = -8 \text{ m/s}$ (Ans.)

For Practice:

01. 150gm ভরের 8m/s বেগে আগত বলকে তামিম ইকবাল সোজা 1.5 kg ভরের ব্যাট দিয়ে 4 m/s বেগে আঘাত করলো। আঘাতের পর বলটি কী বেগে গতিশীল হবে? সংঘর্ষটি স্থিতিস্থাপক ধরে নাও। **Ans.** 13.81 m/s

ঢাকা বিশ্ববিদ্যালয়

ভর্তি পরীক্ষার বিগত বছরের প্রশ্নাবলি [শর্ট টেকনিকের সাহায্যে সমাধান]

01. সাম্যাবস্থায় থাকা একটি বস্তু বিক্ষোভিত হয়ে M_1 ও M_2 ভরের দুটি বস্তুতে ভাগ হলো। ভর দুটি একে অপরের থেকে যথাক্রমে v_1 ও v_2 বেগে দূরে সরতে লাগল। v_1/v_2 অনুপাতটি হবে- [DU: 17-18]

A. $\frac{M_1}{M_2}$ B. $\frac{M_2}{M_1}$ C. $\sqrt{\frac{M_1}{M_2}}$ D. $\sqrt{\frac{M_2}{M_1}}$

Answer B Solve $M_1 v_1 = M_2 v_2 \Rightarrow \frac{v_1}{v_2} = \frac{M_2}{M_1}$

02. একটি বস্তুর উপর 5N বল 10s ক্রিয়া করে। ভরবেগের পরিবর্তন কী [DU (প্রযুক্তি ইউনিট) 16-17; JU 16-17]

A. 50 kgms⁻¹ B. 50 kgms⁻² C. 25 Kgms⁻¹ D. 25 kgms⁻¹
Answer A Solve $\Delta P = Ft = 5 \times 10 = 50 \text{ kgms}^{-1}$

03. যদি চাঁদ পৃথিবীর কেন্দ্র হতে 38400 km গড় দূরত্বে পৃথিবীর চারদিকে পরিভ্রমণ করে তাহলে চাঁদের পরিভ্রমণ গতি হবে (পৃথিবীর ভর 6×10^{24} kg)। [DU (প্রযুক্তি ইউনিট) 16-17]

A. $1.02 \times 10^2 \text{ m/s}$ B. $102 \times 10^3 \text{ m/s}$
 C. $1.0 \times 10^3 \text{ m/s}$ D. $1.04 \times 10^6 \text{ m/s}$

Answer A Solve
 $v = \frac{2\pi}{T} \times r = \frac{2 \times 3.14 \times 38400 \times 10^3}{27.5 \times 24 \times 3600} = 1.02 \times 10^2 \text{ ms}^{-1}$

04. m ভর ও r ব্যাসার্ধের একটি রিং একটি অক্ষের চারিদিকে ω কৌণিক বেগে ঘূর্ণায়মান, অক্ষটি রিং এর কেন্দ্র বরাবর এবং রিং এর তলের সাথে লম্বলম্বিভাবে অবস্থিত। রিংটির গতি শক্তি কত? [DU (প্রযুক্তি ইউনিট) 16-17]

- A. $m r \omega^2$ B. $\frac{1}{2} I \omega^2$
C. $I r \omega^2$ D. $I r$ (এখানে, $I =$ জড়তার ভ্রামক) **Ans B**

05. নিচের কোন সূত্র ভরবেগ নির্দেশ করে- [DU (প্রযুক্তি ইউনিট) 16-17]

- A. $\vec{p} = m\vec{v}$ B. $m = p\vec{v}$
C. $\vec{p} = \vec{m}\vec{v}$ D. $m = \vec{F}\cdot\vec{a}$ **Ans A**

06. 30 kg ভরের একটি স্থির বস্তুর বেগ 2 মিনিটে বৃদ্ধি করে 36 km/hr এ উন্নীত করার জন্য বস্তুটির উপর কত বল প্রয়োগ করতে হবে? [DU-A: 16-17]

- A. 2N B. 2.5N C. 300N D. 5N

Ans B $F = ma = m \frac{v-v_0}{t} = 30 \times \frac{(36-0)}{2 \times 60} = \frac{300}{120} = 2.5 \text{ N}$

07. শূন্য মাধ্যমে দুইটি ইলেকট্রনের মধ্যকার কুলম্ব বল F_E এবং মহাকর্ষ বল F_G এর অনুপাত হবে - [DU-A: 16-17]

- A. 4.2×10^{62} B. 4.2×10^{52} C. 4.2×10^{42} D. 4.2×10^{32}

Ans C $\frac{F_e}{F_g} = \frac{9 \times 10^9 \times e^2}{6.67 \times 10^{-11} (m_e)^2} = \frac{9 \times 10^9 \times (1.6 \times 10^{-19})^2}{6.67 \times 10^{-11} \times (9.1 \times 10^{-31})^2} = 4.2 \times 10^{42}$

08. 10,000kg জ্বালানীসহ একটি রকেটের ভর 15000kg। জ্বালানী যদি 200kg/s হারে পুড়ে রকেটের সাপেক্ষে 2000m/s বেগে নির্গত হয়, তাহলে রকেটের উপর উপযুক্ত ধাক্কা বা প্রাপ্তি কত? [15-16]


- A. $4 \times 10^5 \text{ N}$ B. $4 \times 10^6 \text{ N}$ C. $4 \times 10^4 \text{ N}$ D. $2 \times 10^6 \text{ N}$

Ans A ঘাত বল, $F = \left(\frac{dm}{dt}\right) V_r$
 $\Rightarrow F = 200 \times 2000 \text{ N} = 4 \times 10^5 \text{ N}$

09. একটি 13 N ওজনের ও একটি 12 N ওজনের দুইটি বস্তু একটি ভরবিহীন দড়ির দ্বারা ঘর্ষণ বিহীন কপিকলের উপর ঝুলন্ত। 13 N ওজনের বস্তুর নিম্নমুখী ত্বরণ মুক্তভাবে পড়ন্ত বস্তুর ত্বরণের যতগুণ তা হলো- [14-15]

- A. 1/12 B. 1/13
C. 1/25 D. 13/25 **Ans C**

10. সমান ভর বিশিষ্ট তিনটি খণ্ড A, B, C দড়ির দ্বারা চিত্রে প্রদর্শিত রূপে সংযুক্ত। খণ্ড C, \vec{F} বল দ্বারা টানা হলে সম্পূর্ণ ব্যবস্থটি ত্বরিত হয়। ঘর্ষণ উপেক্ষা করলে খণ্ড B এর উপর মোট বল হলো- [14-15]



- A. 0 B. $\vec{F}/3$ C. $\vec{F}/2$ D. $2\vec{F}/3$

Ans B যেহেতু ঘর্ষণ উপেক্ষনীয় তাই বল সমান তিনভাগে ভাগ হবে।

11. কোন ব্যক্তি 60° ঢালের 5 m উঁচু ঘর্ষণবিহীন তল বরাবর একটি 100N ব্লক টেনে তুলছে। ব্লকটি সমদ্রুতিতে চললে ব্যক্তি কি পরিমাণ কাজ করবে? [14-15]

- A. 250 J B. 500 J C. 0 D. 100 J



Ans A $F = (F \cos 60^\circ) \times 5 = 250 \text{ J}$

12. 4 kg ও 6kg ভরের দুইটি বস্তু যথাক্রমে 10 ms^{-1} এবং 5 ms^{-1} বেগে একই দিকে পতিশীল। পরস্পর ধাক্কা খাওয়ার পর বস্তু দুইটি যুক্ত অবস্থায় চলতে থাকলে, যুক্ত বস্তুর বেগ কত? [DU: 07-08, 13-14; SUST: 16-17; KU: 12-14]

- A. 10 ms^{-1} B. 7 ms^{-1} C. 6 ms^{-1} D. 4 ms^{-1}

Ans B $\frac{4 \times 10 + 6 \times 5}{10} = 7 \text{ m/s}$

13. একটি কাঠের খণ্ডকে আনুভূমিকের সাথে 60° কোণে 200N বল দ্বারা টানা হচ্ছে। বস্তুটির উপর আনুভূমিকের দিকে কার্যকারী বল কত? [13-14]



A. 200 N B. 100 N C. 175 N D. zero

14. m ভরের একটি বস্তু r ব্যাসার্ধের বৃত্তাকার পথে সমদ্রুতিতে চলছে। বৃত্তাকার গতির পর্যায়কাল T । বস্তুটির উপর কেন্দ্রমুখী বলের মান কত? [12-13]

- A. $\frac{4\pi^2 m r}{T^2}$ B. $\frac{4\pi^2 m r^2}{T}$ C. $\frac{4\pi m r^2}{T^2}$ D. $\pi m r^2$

Ans A $F = m \omega^2 r = m \left(\frac{2\pi}{T}\right)^2 r = \frac{4\pi^2 m r}{T^2}$

15. একটি কণার ভরবেগ P । কণাটির গতিশক্তি দ্বিগুণ করা হলে এর নতুন ভরবেগ কত হবে? [12-13]

- A. $\sqrt{2}P$ B. $2P$ C. $4P$ D. $8P$

Ans A ভরবেগ, $P_1 = \sqrt{2mE} = P$
 $P_2 = \sqrt{2m(2E)} = \sqrt{2} \sqrt{2mE} = \sqrt{2} P$

16. 5 kg ভরের একটি রাইফেল থেকে 20 g ভরের একটি বুলেট 1000 m/s গতিতে ছুটে যায়। পিছন দিকে রাইফেলের ধাক্কার বেগ কত? [12-13]

- A. 4 m/s B. 400 m/s C. 4000 m/s D. 40 m/s

Ans A $MV + mv = 0$
 $\Rightarrow 5 \times v + 0.02 \times 1000 = 0 \Rightarrow v = -4 \text{ ms}^{-1}$

17. 30 ms^{-1} বেগে আগত 250g ভরের একটি ক্রিকেট বলকে একজন খেলোয়াড় ক্যাচ ধরে 0.1s সময়ের মধ্যে থামিয়ে দিল। খেলোয়াড় কর্তৃক বলটির উপর প্রযুক্ত গড় বল কত? [10-11]

- A. 7.5N B. 75N C. 2.5N D. 25N

Ans B $F = m \left(\frac{u-v}{t}\right) = \left(\frac{30-0}{0.1}\right) \times 0.25 = 75 \text{ N}$

18. একটি বৈদ্যুতিক পাখার সুইচ 'অন' করলে দশবার পূর্ণ ঘূর্ণনের পর পাখাটির কৌণিক বেগ 20 rad/s হয়। কৌণিক ত্বরণ কত? [09-10]

- A. 1.83 rad/s^2 B. 8.13 rad/s^2 C. 3.18 rad/s^2 D. 5.17 rad/s^2

Ans C $\alpha = \frac{(20)^2}{2 \times 10 \times 2\pi} = 3.18 \text{ rad/s}^2$

19. কোনটি টর্কের সঠিক একক? [09-10]

- A. Dyne/cm B. Nm C. N/m D. N/m.s

Ans B টর্কের একক হল- নিউটন-মিটার (N-m)

20. 900 kg ভরের একটি ট্রাক ঘন্টায় 60 km বেগে চলছে। ব্রেক চেপে ট্রাকটি 50 মিঃ দূরে থামানো হল। যদি মাটির ঘর্ষণজনিত বল 20 N হয় তবে ব্রেকজনিত বলের মান নির্ণয় কর। [09-10]

- A. 2302 N B. 2500 N C. 2700 N D. 2400 N

Ans A $u = 60 \text{ km/h} = 16.66 \text{ m/s}$
 $a = \frac{u^2}{2s} = \frac{16.66^2}{2 \times 50} = 2.78 \text{ m/s}^2$; $F = 2.78 \times 900 = 2302 \text{ N}$

21. একটি পাখা প্রতি মিনিটে 60 বার ঘোরে। পাখাটির কৌণিক বেগ কত? [08-09; JNU 05-06]

- A. $\pi \text{ rad/s}$ B. $\frac{\pi}{2} \text{ rad/s}$ C. $4\pi \text{ rad/s}$ D. $2\pi \text{ rad/s}$

Ans D $\omega = \frac{2\pi \times 60}{60} = 2\pi \text{ rad/s}$

22. 100 mg এর একটি বৃষ্টির ফোঁটা পৃথিবী পৃষ্ঠের দিকে 9.8 ms^{-2} ত্বরণে পড়তে থাকলে মধ্যাকর্ষণের কারণে তার গতিবেগ বাড়তে থাকে, অপর দিকে বাতাসের ঘর্ষণ বল গতি কমিয়ে দেয়ার চেষ্টা করে। এক পর্যায়ে ফোঁটাটি 50 ms^{-1} চূড়ান্ত স্থির গতিবেগ প্রাপ্ত হল। ঐ সময়ে তার উপর ঘর্ষণ বলের পরিমাণ কত? [07-08]

- A. 980 N B. 980×10^{-3} N C. 980×10^{-6} N D. 980×10^{-9} N

Answer C Solve ঘর্ষণ বল,

$F = (100 \times 10^{-6} \times 9.8) \text{ N} = 980 \times 10^{-6} \text{ N}$

23. 24400J গতিশক্তি বিশিষ্ট একটি চাকা প্রতি মিনিটে 602 বার ঘোরে। চাকাটির ঘূর্ণন জড়তা হবে- [06-07]

- A. 40.5 kg m^2 B. 12.3 kg m^2
C. 10 kg m^2 D. 406.7 kg m^2

Answer B Solve

$K.E = \frac{1}{2} I \omega^2 \Rightarrow K.E = \frac{1}{2} I \left(\frac{2\pi N}{t} \right)^2$

$\Rightarrow 24400 = \frac{1}{2} I \left(\frac{2 \times 3.1416 \times 602}{60} \right)^2 \therefore I = 12.3 \text{ kg m}^2$

24. একটি কঠিন বেলুনের ভর 5.0kg এবং ব্যাসার্ধ 3.0cm বেলুন অক্ষের সাপেক্ষে এর জড়তার ভ্রামক কত? [05-06]

- A. $4.50 \times 10^{-3} \text{ kg m}^2$ B. $2.25 \times 10^{-3} \text{ kg m}^2$
C. $1.50 \times 10^{-3} \text{ kg m}^2$ D. $0.38 \times 10^{-3} \text{ kg m}^2$

Answer B Solve

$I = \frac{1}{2} m r^2 = \frac{1}{2} \times 5 \times (0.03)^2 = 2.25 \times 10^{-3} \text{ kg m}^2$

25. একটি কণা 40 cm ব্যাসার্ধের বৃত্তাকার পথে প্রতি মিনিটে 45 বার আবর্তন করে। কণাটির কেন্দ্রমুখী ত্বরণ- [04-05]

- A. 8.88 m/s^2 B. 1.41 m/s^2
C. 35.55 m/s^2 D. 2.82 m/s^2

Answer A Solve

$a = \omega^2 r = \left(\frac{2\pi N}{t} \right)^2 r = \left(\frac{2 \times 3.1416 \times 45}{60} \right)^2 \times 0.4 = 8.88 \text{ m/s}^2$

26. ভরকেন্দ্রগামী এবং তলের সহিত লম্ব বরাবর অক্ষ সাপেক্ষে একটি আয়তাকার পাতের জড়তার ভ্রামক 5 kg m^2 । পাতটির প্রস্থ 1m এবং ভর 12kg হলে দৈর্ঘ্য কত? [04-05]

- A. 5 m B. 2.5 m C. 2 m D. 60 m

Answer C Solve

$I = \frac{m(l^2 + b^2)}{12} = 5$
 $= \frac{12(l^2 + 1^2)}{12} \therefore l = 2 \text{ m}$

27. মহাকর্ষ বল নিউক্লিয় বলের তুলনায় কতগুণ তীব্র? [04-05]

- A. 10^{30} B. 10^{42} C. 10^{40} D. 10^{42}

Answer B Solve

মহাকর্ষ বল নিউক্লিয় বলের তুলনায় 10^{42} গুণ তীব্র।

28. 36 kg ভরের একটি বস্তুর উপর কত বল প্রযুক্ত হলে 1.0 মিনিটে বস্তুর বেগ 15 km/h বৃদ্ধি পাবে? [04-05]

- A. 2.4 N B. 2.5 N
C. 14.4 N D. 28.8 N

Answer B Solve

$F = ma = m \frac{v}{t}$
 $= 36 \times \frac{4.17}{60} = 2.5 \text{ N}$ | $v = 15 \text{ km/h} = 4.17 \text{ m/s}$

29. একটি বল 4kg ভরবিশিষ্ট স্থির বস্তুর উপর ক্রিয়া করে। এর ফলে বস্তুটি 6 সেকেন্ডে 30 m/s বেগ প্রাপ্ত হয়। বলের মান কত- [03-04]

- A. 30N B. 20N C. 18N D. None

Answer B Solve

$F = ma = m \times \frac{v}{t} = 20 \text{ N}$

30. ভূমির সঙ্গে সর্বনিম্ন 30° কোণে তলে স্থাপিত বস্তুর পিছলে নেমে যার ঘর্ষণাঙ্ক কত? [03-04]

- A. $\sin 30^\circ$ B. $\tan 30^\circ$ C. $\cos 30^\circ$ D. 1

Answer B Solve

ঘর্ষণ গুণাঙ্ক = $\tan \theta = \tan 30^\circ$

31. 20 m/s বেগে চলমান 1000 kg ভরের একটি ট্রাক 1500 kg ভরের একটি স্থির ট্রাককে ধাক্কা দিয়ে এক সাথে যুক্ত হয়ে যে বেগে চলতে থাকবে। [02-03]

- A. 12 m/s B. 10 m/s
C. 8 m/s D. 7.5 m/s

Answer C Solve

$v = \frac{20 \times 1000}{1000 + 1500} = 8 \text{ m/s}$

32. একটি লিফট 2 m/s^2 ত্বরণে নিচে নামছে। লিফটের মেঝের 1m উপর থেকে একটি বলকে স্থির অবস্থা থেকে ছাড়া হল। $g = 10 \text{ m/s}^2$ ধরা হলে লিফটের মেঝে স্পর্শ করতে বলটি সময় লাগবে। [02-03]

- A. 0.5 s B. 0.6 s
C. 0.7 s D. 1.1 s

Joykoly Special: $t = \sqrt{\frac{2 \times 1}{10 - 2}} = 0.5 \text{ sec}$ [Ans A]

33. 3.0gm ভরের একটি বস্তু 2.0m ব্যাসার্ধের একটি বৃত্তে সমহারে চলছে যদি বস্তুটি 4.0 বার বৃত্তের চারিদিকে ঘোরে তবে বস্তুটির উপর প্রয়োজনীয় বল কত হবে? [01-02]

- A. 7.6 N B. 3.8 N
C. 4.8 N D. 4.2 N

Answer B Solve

$F = m \omega^2 r = m (2\pi N)^2 \times r = 3 \times 10^{-3} \times (2 \times 3.1416 \times 4)^2 \times 2 = 3.8 \text{ N}$

জগন্নাথ বিশ্ববিদ্যালয়

ভর্তি পরীক্ষার বিগত বছরের প্রশ্নাবলি [শর্ট টেকনিকের সাহায্যে সমাধান]

01. নিউটনের গতির ২য় সূত্র $\vec{F} = m\vec{a}$ অনুসারে $\vec{F} = 0$ হলে- [JnU-A: 16-17]

- A. \vec{v} ধ্রুবক (constant) B. $\vec{v} = 0$
C. \vec{v} পরিবর্তনশীল (variable) D. কোনটিই নয়

Answer A Solve

বলের ক্রিয়া বন্ধ হয়ে গেলে বস্তুর ত্বরণ বা মন্দন থাকে না তখন এটি ধ্রুব (constant) বেগে চলতে থাকে।

02. কৌণিক ভরবেগ (angular momentum)-এর ক্ষেত্রে কোনটি সঠিক? [15-16]

- A. $\vec{L} = \vec{r} \times \vec{p}$ B. $\vec{L} = \vec{p} \cdot \vec{r}$
C. $\vec{L} = \vec{p} \times \vec{r}$ D. $\vec{r} \cdot \vec{p}$

Answer A

03. 3kg ভরের একটি ব্লককে একটি আনুভূমিক তলের উপর দিয়ে কত বল টানলে বস্তুটি সমবেগে চলবে? (গতীয় ঘর্ষণ গুণাঙ্ক = 0.1) [12-13]

- A. 2.94N B. 3N C. 1.94N D. 0.94N

Answer A Solve

$\mu_k = \frac{F_k}{R} \Rightarrow F_k = \mu_k \times mg = 0.1 \times 3 \times 9.8 = 2.94 \text{ N}$

04. স্থিতিস্থাপক বলের ধরণ কি? [12-13]

- A. অসংরক্ষণশীল বল B. সংরক্ষণশীল বল
C. যান্ত্রিক বল D. শাব্দিক বল

Answer B Solve

সংরক্ষণশীল বল: তড়িৎ বল, চৌম্বক বল, আদর্শ স্প্রিং এর বিকৃতি প্রতিরোধকারী বল, অভিকর্ষীয় বল।

05. l দৈর্ঘ্যের একটি সরু দণ্ডের প্রান্ত দিয়ে এবং এর দৈর্ঘ্যের সাথে লম্বভাবে অতিক্রান্ত অক্ষের সাপেক্ষে তার চক্রগতির ব্যাসার্ধ- [11-12]

- A. $1/3 \text{ MI}^2$ B. $1/12 \text{ MI}^2$
C. $\frac{1}{2\sqrt{3}} l$ D. $\frac{1}{\sqrt{2}} l$

06. 1J গতিশক্তির কোন বস্তুর গতির বিপরীতে 1 N বল প্রয়োগ করা হলে বস্তুটি কতদূর অগ্রসর হয়ে থেমে যাবে? [10-11]
 A. 1 m B. 10 m C. 1/10 m D. কোনটিই নয়

07. 16 কেজির একটি বোমা বিস্ফোরিত হয়ে 4 কেজি ও 12 কেজির দুটি খণ্ড হল। 12 কেজি ভরের বেগ 4 m/s হলে অন্য টুকরাটির গতি শক্তি কত? [10-11]
 A. 96 J B. 144 J C. 288 J D. 192 J

Answer C Solve $m_1 v_1 = m_2 v_2$
 $\Rightarrow 4 \times v_1 = 12 \times 4 \Rightarrow v_1 = 12$
 $\therefore E_{k1} = \frac{1}{2} m_1 v_1^2 = \frac{1}{2} \times 4 \times 12^2 = 288 \text{ J}$

08. 100 gm ভরের একটি বস্তুকে 40 cm দীর্ঘ একটি সুতার একপ্রান্তে বেধে 20 m/s সমদ্রুতিতে ঘুরানো হচ্ছে। কেন্দ্রমুখী বল কত হবে? [10-11; CU 12-13]
 A. 100 N B. 80 N C. 88 N D. 110 N

Answer A Solve $F_c = \frac{mv^2}{r} = \frac{\left(\frac{100}{1000}\right) \times (20)^2}{\left(\frac{40}{100}\right)} = 100 \text{ N}$

09. একটি গাড়ী 10 m/s গতিতে চলছে। কত গতিতে চললে গাড়ীটি গতিশক্তির দ্বিগুণ হবে? [05-06]
 A. 10 m/s B. 40 m/s C. 100 m/s D. 14.1 m/s

Answer D Solve $\left(\frac{v_2}{v_1}\right)^2 = n \Rightarrow v_2 = \sqrt{2} \times 10 = 14.1 \text{ m/s}$

10. 10g ভর (mass) এর একটি বুলেট 3kg ভরের একটি বন্দুক থেকে 300 ms⁻¹ বেগে বের হলে, বন্দুকের পশ্চাৎ বেগ (back word velocity)- [JnU: 17-18]
 A. 0.05 ms⁻¹ B. 0.25 ms⁻¹ C. 2.0 ms⁻¹ D. 1.0 ms⁻¹

Answer D Solve $V = \frac{mv}{M} = \frac{0.01 \times 300}{3} = 1.0 \text{ m/s}$

11. M ভরের ও r ব্যাসার্ধের একটি নিরেট সিলিন্ডারের নিজ অক্ষের সাপেক্ষে জড়তার ভ্রামক হচ্ছে (Moment of inertia of a solid cylinder of mass M and radius r about its own axis is)- [JnU: 17-18]
 A. 12 Mr B. $\frac{M}{3r}$ C. $\frac{M}{12r}$ D. $\frac{1}{2} Mr^2$

Answer D Solve নিরেট সিলিন্ডারের নিজ অক্ষের সাপেক্ষে জড়তার ভ্রামক $\frac{Mr^2}{2}$ ও চক্রগতির ব্যাসার্ধ $\frac{r}{\sqrt{2}}$

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

ভর্তি পরীক্ষার বিগত বছরের প্রশ্নাবলি [শর্ট টেকনিকের সাহায্যে সমাধান]

01. মাঠের উপর দিয়ে গড়িয়ে যাওয়া 0.5kg ভরের একটি ফুটবল 50m দূরত্বে গিয়ে থেমে গেল। ফুটবলটির প্রাথমিক বেগ ছিল 30m/sec। ঘর্ষণ বলের মান কত? [JU: 17-18]
 A. 7.5N B. 4.5N C. 6.4N D. 8.6N

Answer B Solve $F = ma \Rightarrow F = \frac{mu^2}{2s} = 0.5 \frac{30^2}{2 \times 56} = 4.5 \text{ N}$

02. কত মানের একটি বল 10kg ভরের একটি বস্তুর উপর 4sec ক্রিয়া করলে, বেগের পরিবর্তন 40m/s হবে? [JU: 17-18]
 A. 200N B. 150N C. 100N D. 50N

Answer C Solve $F = ma = 10 \times \frac{40}{4} = 100 \text{ N}$

03. ঘন্বের ভ্রামকের মাত্রা সমীকরণ হচ্ছে- [JU: 17-18]
 A. ML^2T^{-2} B. MLT^2 C. ML^2T^2 D. MLT^{-1}

Answer A Solve টর্ক হচ্ছে ঘন্বের ভ্রামক এর মাত্রা সমীকরণ $[ML^2T^{-2}]$

04. 20 বার ঘুরবার পর একটি বৈদ্যুতিক পাখার কৌণিক বেগ 30 rad/sec হতে হ্রাস পেয়ে 10 rad/sec হয়। কৌণিক মন্দন কত? [JU: 17-18]
 A. 3.1825 rad/sec B. 3.45 rad/sec
 C. 4.1825 rad/sec D. 6.1825 rad/sec

Answer A Solve $\theta = 2\pi \times 20 = 40\pi$
 $\alpha = \frac{(30)^2 - (10)^2}{2 \times 40\pi} = 3.183 \text{ rad/sec}^2$

05. 25m/s বেগে আগত 200gm ভরের একটি ক্রিকেট বলকে একজন খেলোয়াড় ক্যাচ ধরে 0.1 sec সময়ের মধ্যে ধামিছে দিল। খেলোয়াড় কর্তৃক প্রযুক্ত গড় বল কত? [JU: 17-18]
 A. 100 N B. 50 N C. 60 N D. 70 N

Answer B Solve $F = \frac{m(v-u)}{t} = \frac{0.2 \times (-25)}{0.1} = -50$
 \therefore গড় বল, $|F| = |-50| = 50 \text{ N}$

06. একটি ঘূর্ণায়মান পিতলের গোলকের ভর 20gm। ঘূর্ণন অক্ষ হতে এর দূরত্ব 1m। অক্ষ সাপেক্ষে জড়তার ভ্রামক কত? [JU: 17-18]
 A. 0.02kg-m² B. 0.03kg-m² C. 0.04kg-m² D. 0.05kg-m²

Answer A Solve $I = mr^2 = 0.02 \times (1)^2 = 0.02 \text{ kg-m}^2$

07. একটি গ্রামোফোন রেকর্ড প্রতি মিনিটে 30 বার ঘুরছে। কেন্দ্র হতে 10cm দূরে রেকর্ডের উপর অবস্থিত কোনো বিন্দুর রৈখিক বেগ কত? [JU: 17-18]
 A. 31.42 cm/s B. 35.4 cm/s C. 40.45 cm/s D. 60.42 cm/s

Answer A Solve $V = \frac{2\pi r N}{t} = \frac{2 \times 3.14 \times 10 \times 30}{60} = 31.42 \text{ cm/sec}$

08. 150 kg ভরের একটি গাড়ি 40 m/s বেগে আনুভূমিক রাস্তার উপর দিয়ে চলছিল। এমনসময় 30kg ভরের একটি বস্তু খাড়াভাবে পড়ে গাড়ির ভিতর রয়ে গেল। গাড়িটির বর্তমান বেগ কত? [JU: 17-18]
 A. 30.33 m/s B. 33.33 m/s C. 40.33 m/s D. 45.33 m/s

Answer B Solve $150 \times 40 = (150 + 30)V_2$
 $\Rightarrow 6000 = 180V_2$
 $\therefore V_2 = \frac{6000}{180} = 33.33 \text{ m/s}$

09. একটি লৌহবলয় একটি আনুভূমিক মসৃণ তলে ω সম-কৌণিক বেগে গড়িয়ে চলছে। এর ভর M এবং ব্যাসার্ধ r। বলয়টির মোট গতিশক্তি নির্ণয় কর। [JU: 17-18]
 A. $\frac{1}{2} Mr^2 \omega^2$ B. $Mr^2 \omega^2$ C. $Mr^2 \omega$ D. $\frac{1}{4} Mr^2 \omega^2$

Answer B Solve $E_k = \frac{1}{2} Mv^2 + \frac{1}{2} I \omega^2$
 $= \frac{1}{2} M \omega^2 r^2 + \frac{1}{2} M \omega^2 r^2$
 $\therefore E_k = M \omega^2 r^2$

10. 3 নিউটনকে পাউন্ডালে প্রকাশ কর। [JU: 17-18]
 A. 25.6972 B. 26.6972 C. 21.6972 D. 30.6972

Answer C Solve $1 \text{ N} = 7.23 \text{ পাউন্ডাল}$
 $3 \text{ N} = (3 \times 7.23) \text{ পাউন্ডাল}$
 $= 21.69 \text{ পাউন্ডাল}$

11. একটি নিরেট সিলিন্ডারের ভর M ও ব্যাসার্ধ R। জ্যামিতিক অক্ষ সাপেক্ষে-এর জড়তার ভ্রামক কত? [JU: 17-18]
 A. MR^2 B. $\frac{1}{2} MR^2$ C. $\frac{3}{2} MR^2$ D. $\frac{1}{3} MR^2$

Answer B Solve M ভরের এবং r ব্যাসার্ধের নিরেট সিলিন্ডারে জড়তার ভ্রামক $\frac{1}{2} Mr^2$ এবং চক্রগতির ব্যাসার্ধ $\frac{r}{\sqrt{2}}$

একটি বৈদ্যুতিক পাখার সুইচ অন করলে, 10 বার পূর্ণ ঘূর্ণনের পর পাখাটির কৌণিক বেগ 20 rad/sec হয়, কৌণিক ত্বরণ কত? [JU: 17-18]

A. 4.183 rad/sec² B. 3.183 rad/sec²
C. 6.183 rad/sec² D. 8.183 rad/sec²

Answer B Solve $\alpha = \frac{\omega^2 - \omega_0^2}{2\theta} = \frac{(20)^2 - (0)^2}{2 \times 2\pi N}$
 $= \frac{400}{2 \times 2 \times \pi \times 10} = 3.183 \text{ rad/s}^2$

3. একটি কাঠের তক্তার উপর অবস্থিত একটি ইটের নিশ্চল কোণ 40°। ইট ও তক্তার মধ্যকার স্থিতি ঘর্ষণ গুণাঙ্ক কত? [JU: 17-18]

A. 0.87 B. 0.85 C. 0.84 D. 0.97

Answer C Solve $\mu_s = \tan 40^\circ = 0.84$

14. একটি ফাঁপা সিলিন্ডারের ভর M ও ব্যাসার্ধ R। জ্যামিতিক অক্ষ সাপেক্ষে এর জড়তার ভ্রামক কত? [JU: 17-18]

A. $\frac{1}{2} MR^2$ B. MR^2 C. $\frac{3}{2} MR^2$ D. $\sqrt{MR^2}$ **Ans A**

15. 100 kg ভরের একটি গাড়ি 20m/s বেগে চলছিল। ব্রেক চেপে একে 5 সেকেন্ডে থামিয়ে দেওয়া হলো। মন্দনকারী বল কত? [JU: 17-18]

A. 400 N B. 500 N C. 600 N D. 300 N

Answer A Solve $F = ma \Rightarrow F = m \frac{v-u}{t} = 100 \frac{20}{5} = 400 \text{ N}$

16. কৌণিক বেগের মাত্রা- [COU-02-03, JU: 12-13, 17-18]

A. T⁻² B. T⁻¹ C. T² D. T¹ **Ans B**

17. 30N বল 5kg ভরের একটি বস্তুর উপর 10sec ক্রিয়া করে। বস্তুর ভরবেগের পরিবর্তন কত হবে? [JU: 17-18]

A. 400kg ms⁻¹ B. 300 kg ms⁻¹
C. 500 kg ms⁻¹ D. 100 kg ms⁻¹

Answer B Solve $mv - mu = F \times t = 30 \times 10 = 300 \text{ kg ms}^{-1}$

18. পৃথিবী সূর্যের চারদিকে 1.5 × 10¹¹ m দূর থেকে এক বছরে একবার ঘুরে আসছে। সূর্যের ভর 1.99 × 10³⁰ kg হলে, কক্ষপথে পৃথিবীর দ্রুতি কত? [JU: 16-17]

A. 30 kms⁻¹ B. 40 kms⁻¹ C. 60 kms⁻¹ D. 20 kms⁻¹

Answer A Solve $v = \frac{2\pi}{t} \times r = \frac{2 \times 3.14 \times 1.5 \times 10^{11}}{365 \times 24 \times 3600} = 30 \text{ kms}^{-1}$

19. একটি চাকার ভর 5 kg এবং কোন অক্ষ সাপেক্ষে চক্রগতির ব্যাসার্ধ 0.2 m। এর জড়তার ভ্রামক কত? [JU, RU: 16-17; Marin 15-16; BRUR 10-11; CU 15-16; KUET 06-07]

A. 0.2 kgm⁻² B. 0.2 kgm² C. 0.2 kg²m² D. 0.2 kgm⁻¹

Answer B Solve $I = mk^2 = 5 \times (0.2)^2 = 0.2 \text{ kgm}^2$

20. 6 kg ভরের একটি বন্দুক হতে 0.01 kg ভরের একটি গুলি 300 ms⁻¹ বেগে বের হয়ে গেল। বন্দুকের পশ্চাৎবেগ কত? [JU: 16-17]

A. 0.5 ms⁻¹ B. 0.6 ms⁻¹ C. 0.8 ms⁻¹ D. 0.9 ms⁻¹

Answer A Solve $v = \frac{0.01 \times 300}{6} = 0.5 \text{ ms}^{-1}$

1. একটি কণা 1.5 m বৃত্তাকার পথে প্রতিমিনিট 120 বার আবর্তন করে। এর রৈখিক বেগ কত? [JU: 16-17]

A. 18.658 ms⁻¹ B. 18.85 ms⁻¹ C. 18.658 ms⁻¹ D. 18.465 ms⁻¹

Answer B Solve $v = \omega r = \frac{2\pi N}{t} \times r = \frac{2 \times 3.14 \times 120}{60} \times 1.5 = 18.854 \text{ ms}^{-1}$

একটি বস্তুর ভর 12 মিলিগ্রাম। পৃথিবীর কেন্দ্রের দিকে বস্তুটি কত বলে আকর্ষিত হবে। অভিকর্ষীয় ত্বরণ g = 9.8ms⁻² [JU: 16-17]

A. 118.6 × 10⁻⁶N B. 117.6 × 10⁻⁶N
C. 119.6 × 10⁻⁶N D. 120.6 × 10⁻⁶N

Answer B Solve $F = mg = 12 \times 10^{-3} \times 9.8 = 117.6 \times 10^{-6} \text{ N}$

23. 500g ভরের একটি বস্তু 2m ব্যাসার্ধের বৃত্তাকার পথে আবর্তন করে। আবর্তনকাল 10s হলে বস্তুর কৌণিক ত্বরণ কত? [JU: 16-17]

A. 1.256kgm^s⁻¹ B. 2.256kgm^s⁻¹
C. 3.256kgm^s⁻¹ D. 4.256kgm^s⁻¹

Answer A Solve $L = rp = rmv = mr^2 \frac{2\pi}{t} = 1.256 \text{ kgm}^2 \text{ s}^{-1}$

24. 2ms⁻¹ ত্বরণে উপরে উঠতে একটি লিফট এ একটি লোক দাঁড়ানোর ক্ষেত্রে উর্ধ্বমুখী বল 1180 N হলে লোকটির ভর হবে- [15-16]

A. 50kg B. 100kg C. 80kg D. কোনটিই নয়

Answer B Solve $R = m(g + f) \Rightarrow 1180 = m(9.8 + 2) \Rightarrow m = 100 \text{ kg}$

25. মহাকর্ষ বলের সাপেক্ষে নিউক্লীয় সবল বলের আপেক্ষিক তীব্রতা- [14-15]

A. 10³⁰ B. 10³⁹ C. 10⁴⁰ D. 10⁴²

Answer D Solve মহাকর্ষবল: নিউক্লীয় দুর্বল বল: তড়িৎ চৌম্বক বল: নিউক্লীয় সবল বল = 1:10³⁰:10⁴⁰:10⁴²

26. 5s ছির অবস্থায় থাকা একটি বস্তু বিস্ফোরণের ফলে M₁ ও M₂ ভরের দুই খণ্ডে বিভক্ত হয় এবং খণ্ড দুইটি পরস্পর বিপরীত দিকে যথাক্রমে V₁ ও V₂ বেগ প্রাপ্ত হয়। V₁: V₂ এর মান নিচের কোনটির সমান হবে? [14-15]

A. M₁:M₂ B. M₂:M₁ C. M₁M₂ D. কোনটিই নয়

Answer B Solve $M_1 V_1 = M_2 V_2 \Rightarrow \frac{V_1}{V_2} = \frac{M_2}{M_1}$

27. কোন বলটির পাল্লা অসীম নয়? [14-15]

A. তাড়িতচৌম্বক বল B. সবল নিউক্লীয় C. মহাকর্ষ বল D. কোনটিই নয়

Answer B Solve এ বলের পাল্লা 10⁻¹⁵ m বা 1 fermi.

28. একটি দেয়াল ঘড়ির মিনিটের কাটার দৈর্ঘ্য 18 cm হলে এর কৌণিক বেগ হবে- [13-14]

A. 1.74 × 10⁻³ rad/s B. 3.13 × 10⁻⁴ rad/s
C. 18 × 10⁻⁴ rad/s D. 10⁻⁴ rad/s

Answer A Solve $\omega = \frac{2\pi}{T} = 1.74 \times 10^{-3} \text{ rads}^{-1} [T = 60 \times 60]$

29. কোন মেঝেতে স্থাপিত 400 N এর একটি কাঠের ব্লকের উপর আনুভূমিকভাবে 160 N বল প্রয়োগ করলে এটি চলার উপক্রম হয়। মেঝে ও কাঠের ব্লকের মধ্যবর্তী ঘর্ষণাঙ্ক হবে- [13-14]

A. 4.00 B. 0.40 C. 1.60 D. 0.16

Answer B Solve $\mu_k = \frac{f_k}{R} \Rightarrow \mu_s = \frac{f_s}{R} = \frac{160}{400} = 0.4$

30. একটি বৃত্তাকার চাকতির পৃষ্ঠের অভিলম্ব বরাবর চাকতির কেন্দ্র দিকে গমনকারী অক্ষের সাপেক্ষে জড়তার ভ্রামক হলো (MR²)/2। বৃত্তাকার চাকতির পৃষ্ঠের অভিলম্বভাবে গমনকারী স্পর্শকের সাপেক্ষে জড়তার ভ্রামক কত? [12-13]

A. 1.5 MR² B. 0.75 MR² C. 0.5 MR² D. None

Answer A Solve $\frac{3}{2} MR^2 = 1.5 MR^2$

31. L²/2I represents — of a particle. [12-13]

A. Rotational kinetic B. Potential energy
C. Torque D. Power

Joykoly Special: $\frac{L^2}{2I} = \frac{I^2 \omega^2}{2I} = \frac{1}{2} I \omega^2 = \text{K.E of rotation.}$ **Ans A**

32. একটি ঘূর্ণায়মান পিতলের গোলকের ভর 0.02kg। ঘূর্ণন-অক্ষ হতে দূরত্ব 1m হলে, অক্ষ সাপেক্ষে জড়তার ভ্রামক হবে- [12-13]

A. 2.0kgm² B. 20 kgm² C. 0.2 kgm² D. 0.02 kgm²

Answer D Solve $I = 0.02 \times 1^2 = 0.02 \text{ kgm}^2$

33. 0.50kg ভরের একটি বোমা ভূমি হতে উঁচুতে অবস্থিত একটি বিমান হতে ফেলে দেওয়া হলো। ভূমি স্পর্শ করার পূর্ব মুহূর্তে গতিশক্তি 4900J হলে, বিমানটির উচ্চতা হবে- [12-13]
A. 5000m B. 500m C. 4000m D. 1000m

Answer D solve $\frac{1}{2}mv^2 = mgh \Rightarrow h = \frac{4900}{mg} = 1000m$

34. অসমবেগে গতিশীল কোন বস্তুর উপর প্রযুক্ত বল শূন্য হলে- [12-13]
A. বস্তুর বেগ শূন্য হবে
B. বস্তুর মন্দন হবে
C. বস্তুটি সমবেগে চলতে থাকবে
D. বস্তুর গতির কোন পরিবর্তন হবে না।

Ans B

35. একটি চাকার ভর 10 kg এবং জড়তার ভ্রামক 2.5 kgm² হলে চক্রটির ব্যাসার্ধ কত? [11-12; SUST 02-03; DU 14-15]
A. 1m B. 0.707 m C. 1.5 m D. 0.5 m

Answer D solve $I = Mk^2 \Rightarrow k = \sqrt{\frac{I}{M}} = \sqrt{\frac{2.5}{10}} = 0.5$

রাজশাহী বিশ্ববিদ্যালয়

ভর্তি পরীক্ষার বিগত বছরের প্রশ্নাবলি [শর্ট টেকনিকের সাহায্যে সমাধান]

01. একটি লিফট 2.8 ms⁻² ত্বরণে নিচে নামছে। লিফটের মধ্যে দাঁড়ানো একজন ব্যক্তির ভর 90 kg হলে তিনি যে ওজন অনুভব করবেন- [RU-H: 17-18]
A. 252 N B. 630 N C. 882 N D. 1134 N

Answer B solve $T = 90 \times (9.8 - 2.8) = 630N$

02. যদি v = দ্রুতি, r = ব্যাসার্ধ, g = অভিকর্ষজ ত্বরণ হয়, তাহলে নিম্নের কোন রাশিটি মাত্রাহীন? [RU-H: 17-18]
A. $\frac{v^2 r}{g}$ B. $\frac{v^2 g}{r}$ C. v²gr D. $\frac{v^2}{rg}$

Ans D

03. একটি ঘড়ির ঘণ্টার কাঁটার দৈর্ঘ্য 2 cm। যদি ঘড়ির সেকেন্ডের কাঁটার দৈর্ঘ্য 3 cm হয়, তবে সেকেন্ড ও ঘণ্টার কাঁটার প্রান্তের রৈখিক বেগের অনুপাত কত হবে? [RU-H: 17-18]
A. $\frac{5}{2}$ B. $\frac{1}{2}$ C. $\frac{2}{3}$ D. $\frac{3}{2}$

Answer Blank solve $\frac{2\pi}{60} \times 3 : \frac{2\pi}{12 \times 60 \times 60} \times 2$
 $\Rightarrow 3 : \frac{1}{360} \Rightarrow 1080 : 1$ or, $\frac{1080}{1}$

04. দুটি তলের মধ্যকার স্থির ঘর্ষণ গুণক $\frac{1}{\sqrt{3}}$ হলে, ঘর্ষণ কোণ কত? [RU-G2: BRUR-F: 17-18]
A. 25° B. 30° C. 45° D. 60°

Answer B solve $\theta = \tan^{-1} \mu_s = \tan^{-1} \frac{1}{\sqrt{3}} = 30^\circ$

05. রৈখিক বেগ ও কৌণিক বেগের মধ্যে সম্পর্ক কোনটি? [RU-F2: 17-18]
A. $\theta = d\omega$ B. $\theta = \omega r$ C. $\omega = d\theta$ D. $\omega = r\theta$

Answer B solve রৈখিক বেগ = কৌণিক বেগ × ব্যাসার্ধ।

06. 50m ব্যাসার্ধের রাস্তার বাঁকে 9.4ms⁻¹ বেগে একটি সাইকেল চালানোর সময় আরোহীর নতি কোণ কত? [RU-F2: 17-18]
A. 1.1° B. 11° C. 88° D. 90°

Answer B solve $\tan\theta = \frac{v^2}{rg}$
 $\Rightarrow \theta = \tan^{-1} \frac{(9.4)^2}{50 \times 9.8} = 10.23 \approx 11^\circ$

07. একটি বস্তুর জড়তার ভ্রামক 9000 gcm²। বস্তুর ভর 10 g হলে, চক্রগতির ব্যাসার্ধ কত? [RU-C2: 17-18]
A. 900 cm B. 30 cm C. 10 cm D. 90000 cm

Answer B solve চক্রগতির ব্যাসার্ধ, $k = \sqrt{\frac{I}{m}}$
 $= \sqrt{\frac{9000}{10}} = 30 \text{ cm}$

06. গুলি ছুড়লে বন্দুক পেছন দিকে ধাক্কা দেয়, এর কারণ- [RU-C-1: 16-17]
A. ভরবেগের নিত্যতা B. শক্তির নিত্যতা
C. গতিশক্তি D. বুলেটের স্থিতিশক্তি

Ans A

08. অক্ষের উপর অবস্থিত চারটি বিন্দু-ভরের ভর 1 kg, 2 kg, 3 kg ও 4 kg। এই অক্ষ সাপেক্ষে ভরের বিন্যাসটির জড়তার ভ্রামক- [RU-C-1: 16-17]
A. 10 kg m² B. 30 kg m² C. 0 kg m² D. কোনোটিই নয়

Answer C solve $I = \sum mK^2 = (\sum m) \times 0^2 = 0 \text{ kgm}^2$

09. নিউক্লিয়নের মধ্যে কোন কণার পারস্পরিক বিনিময়ের দ্বারা সবল নিউক্লিয় বলের উৎপত্তি হয়? [RU-G-1: 16-17]
A. প্রোটিয়ন B. নিউট্রন
C. মেসন D. ইলেকট্রন

Ans C

10. 1200 kg ভরের একটি গাড়ি 20 m/sec দ্রুতিতে চলছিল। অতঃপর গাড়িটি 800 kg ভরের একটি স্থির গাড়িকে ধাক্কা দিল। ধাক্কার পর গাড়ি দুটি একত্রিত হয়ে 120 m পিছলায়ে থেমে গেল। বাধাদানকারী বলের মান কত? [RU-H-B: 16-17]
A. 600 N B. 800 N C. 1000 N D. 1200 N

Answer Blank solve $v = \frac{m_1 u_1 + m_2 u_2}{m_1 + m_2} = 12 \text{ ms}^{-1}$
 $v^2 = u^2 - 2as \Rightarrow (12)^2 = (20)^2 - 2a \times 120 \therefore a = 1.067 \text{ ms}^{-2}$
 \therefore বাধাদানকারী বল, $F = ma = 1200 \times 1.067 \approx 1280.4 \text{ N}$

11. একটি বৈদ্যুতিক পাখা মিনিটে 3000 বার ঘুরে। সুইচ বন্ধ করার 4 মিনিট পর পাখাটি বন্ধ হয়ে যায়। থেমে যাবার আগে পাখাটি কতবার ঘুরবে? [RU-H-B: 16-17]
A. 1500 B. 3000 C. 4500 D. 6000

Answer D solve $\omega_0 = 3000 \times \frac{2\pi}{60} = 100\pi$
 $\alpha = \frac{100\pi - 0}{4 \times 60} = \frac{\pi}{2.4}$
 $\therefore \theta = \omega_0 t - \frac{1}{2} \alpha t^2 = 100\pi \times 4 \times 60 - \frac{1}{2} \times \frac{\pi}{2.4} \times (4 \times 60)^2 = 12000\pi$
 $\therefore N = \frac{\theta}{2\pi} = \frac{12000\pi}{2\pi} = 6000$ বার

12. তড়িৎ চৌম্বক বলের আপেক্ষিক সবলতা কত? [RU-H-B: 16-17]
A. 10³⁰ B. 10³⁵
C. 10³⁹ D. 10⁴¹

Ans C

13. একটি রাস্তা 65.31 m ব্যাসার্ধ বাঁক নিয়েছে। এ স্থানে রাস্তাটি 5.0 m চওড়া এবং এর ভিতরের কিনারা হতে বাইরের কিনারা 0.5 m উঁচু। সর্বোচ্চ কত ms⁻¹ বেগে এ স্থানে নিরাপদে বাঁক নেওয়া সম্ভব? [RU-H-B: 16-17]
A. 7 B. 7.3 C. 8.0 D. 8.3

Answer C solve $\frac{v^2}{rg} = \frac{h}{x}$
 $\Rightarrow v = \sqrt{\frac{hrg}{x}} = \sqrt{\frac{0.5 \times 65.31 \times 9.81}{5.0}} = 8 \text{ ms}^{-1}$

14. 30 kg ভরের একটি বস্তুর উপর কত নিউটন (N) বল প্রয়োগ করলে 1 মিনিটে এর বেগ 36 Km⁻¹ বৃদ্ধি পাবে? [RU-H-B: 16-17]
A. 0.5N B. 5.0 N C. 10.0 N D. 20.0 N

Answer B solve $F = ma = m \frac{\Delta v}{t}$

